



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

তারিখঃ ২৩/০২/২০২০খ্রিঃ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে করোনা ভাইরাসের সাম্প্রতিক প্রাদুর্ভাব সম্পর্কে সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে করোনা ভাইরাসের সাম্প্রতিক প্রাদুর্ভাব সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। বিভাগের চেয়ারম্যান ড. রেহেনা পারভীনের সভাপতিত্বে সেমিনারে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গোপালগঞ্জ শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজের অনুজীব বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা: রাফি উদ্দীন আহমেদ। প্রধান বক্তা করোনা ভাইরাসের সাম্প্রতিক প্রাদুর্ভাব সম্পর্কে বলেন, এ ভাইরাসটি অনেক পুরনো। সর্বপ্রথম ২০০২ সালে বিশ্বে প্রথম এ ভাইরাসের অস্তিত্ব পরিলক্ষিত হয়। শুরুতে এটি প্রাথমিক পর্যায়ে থাকলেও সাম্প্রতিক সময়ে এর সংক্রমন ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। বিশ্বে এখন পর্যন্ত এ ভাইরাসের কোন প্রতিশোধক আবিষ্কার করা সম্ভব হয়নি। আর আমাদের দেশকে এ ভাইরাসের প্রাদুর্ভাব থেকে মুক্ত রাখতে হলে নিজেদেরকে সচেতন হতে হবে এবং অন্যকেও সচেতন করতে হবে। এক্ষেত্রে আমাদের সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে হবে। বিশেষ করে বাহিরে বের হওয়ার আগে মাস্ক পরিধান করতে হবে, হাঁচি কাশির সময়ে রুমাল অথবা টিস্যু ব্যবহার করতে হবে, কোন কিছু খাবার পূর্বে সাবান দিয়ে ভালোভাবে হাত ধুয়ে নিতে হবে এবং পরিধেয় কাপড় সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। যদি কোন ব্যক্তি এ ভাইরাসে আক্রান্ত হয় তাকে স্পর্শ করা থেকে বিরত থাকতে হবে। একইসাথে বন্য প্রাণীসহ পোষাপ্রাণীদের সংস্পর্শ থেকে দূরে থাকতে হবে। যেহেতু এ রোগের কোন প্রতিশোধক নেই তাই একমাত্র সচেতনতাই পারে আমাদেরকে এ ভাইরাসের প্রাদুর্ভাব থেকে রক্ষা করতে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। এসময় অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকমণ্ডলীসহ প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস